অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/27/2022 **গভর্নর ক্যাথি হোকল**

মাইক্রন এবং গভর্নর হোকল রাষ্ট্রপতি বাইডেনকে সেন্ট্রাল নিউ ইয়র্কে স্বাগত জানাচ্ছে স্থানীয় সম্প্রদায় ও কর্মীবাহিনী প্রতিশ্রুতির মাইলফলকের নিদর্শনস্বরূপ

সম্প্রদায়ের বিনিয়োগ ফ্রেমওয়ার্ক এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের সাথে মাইক্রনের অংশীদারিত্বকে সংজ্ঞায়িত করে, সেন্ট্রাল নিউ ইয়র্ক এবং আমেরিকার উৎপাদন নেতৃত্বকে লাভবান করে

বিনিয়োগ সম্ভব হয়েছে স্টেটের ঐতিহাসিক সবুজ CHIPS বিধিমালা এবং ফেডারেল CHIPS ও বিজ্ঞান অ্যাক্টের কারণে

সিরাকিউজ, নিউ ইয়র্ক, 27 অক্টোবর, 2022 – মাইক্রন টেকনোলজি, ইনকর্পোরেশন (NASDAQ: MU) (Micron Technology, Inc. (NASDAQ: MU)), বিশ্বের বৃহত্তম সেমিকন্ডাক্টর কোম্পানিগুলির একটি এবং মার্কিন যুক্তরাষ্ট্রের একমাত্র মেমোরি প্রস্তুতকারক, এবং গভর্নর ক্যাথি হোকল রাষ্ট্রপতি জো বাইডেন ও অন্যান্য ফেডারেল, স্টেট এবং স্থানীয় কর্মকর্তাদের সেন্ট্রাল নিউ ইয়র্কে স্বাগত জানাচ্ছে, যেখানে মাইক্রন আগামী 20 বছরের বেশি সময় ধরে একটি অত্যাধুনিক মেমোরি মেগাফাইব গঠনের জন্য 100 বিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত বিনিয়োগ করার পরিকল্পনা করেছে। সম্প্রদায়ে বিনিয়োগের ফ্রেমওয়ার্ক (Community Investment Framework) স্বাক্ষর করার মাধ্যমে,মাইক্রন এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) সাথে প্রতিষ্ঠিত এর প্রারম্ভিক সম্প্রদায় ও কর্মীবাহিনীর প্রতি প্রতিশ্রুতি প্রদর্শন করবে। এই ফ্রেমওয়ার্কে রয়েছে সবুজ CHIPS সম্প্রদায় বিনিয়োগ তহবিল (Green CHIPS Community Investment Fund) থেকে 500 মিলিয়ন মার্কিন ডলার যার মনোযোগ হলো কর্মীবাহিনী বিকাশ, শিক্ষা, সম্প্রদায়ের সম্পদ ও সংগঠন, এবং সাশ্রয়ী আবাসনকে এবং একইসাথে এমন উদ্যোগসমূহকে সমর্থন করা যেগুলি নিশ্চিত করবে যে সেন্ট্রাল নিউ ইয়র্কের কর্মীবাহিনীর কাছে অত্যাধুনিক সেমিকন্ডাক্টর প্রস্তুতকে টেকসই করে রাখার জন্য প্রয়োজনীয় অগ্রবর্তী দক্ষতা রয়েছে।

মাইক্রন তহবিলে 250 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে এবং নিউ ইয়র্ক অতিরিক্ত 100 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে এবং স্থানীয়, অন্যান্য স্টেট ও জাতীয় অংশীদারদের থেকে আরো 150 মিলিয়ন মার্কিন ডলার পাওয়া যাবে। কোম্পানি এছাড়াও একটি সম্প্রদায়ের উপদেষ্টা কমিটি (Community Advisory Committee) স্থাপন করবে যেখানে বৈচিত্র্যময় সম্প্রদায়ের 11 জন সদস্য থাকবে, এবং সেই সাথে স্থানীয় ও স্টেট সরকারসমূহ ও মাইক্রনের

প্রতিনিধিও থাকবে। কমিটি তহবিল থেকে বিনিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার ও সম্ভাবনাময় এলাকাসমূহকে সনাক্ত করবে। মাইক্রন এবং ESD-র উদ্দেশ্য হলো এই উপায়ের মাধ্যমে সেন্ট্রাল নিউ ইয়র্ক সম্প্রদায়ের চাহিদাসমূহকে আরো ভালোভাবে উপলব্ধি ও সমাধান করা এবং পুরো অঞ্চলজুড়ে অভীষ্ট বিনিয়োগ করা। গভর্নর হোকল, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রধান নির্বাহী কর্মকর্তা হোপ নাইট এবং মাইক্রনের প্রধান নির্বাহী কর্মকর্তা সঞ্জয় মেহরোত্রা সম্প্রদায়ে বিনিয়োগের ফ্রেমওয়ার্ক স্বাক্ষর করবেন, স্থানীয় অংশীদারদের সাথে নিয়ে, যা এই অঞ্চলে বিনিয়োগের জন্য ESD-র সাথে সহযোগিতার চেতনাকে সমর্থন করবে। মাইক্রনের নিউ ইয়র্কে একটি মেগাফাইব গঠনের পরিকল্পনা, যা প্রায় 50,000 নিউ ইয়র্ক চাকরি তৈরি করবে, যার মধ্যে রয়েছে 9,000টি উচ্চ বেতনের মাইক্রন চাকরি, হলো CHIPS এবং বিজ্ঞান অ্যাক্ট (CHIPS and Science Act) পাশ করাতে কংগ্রেস ও বাইডেন প্রশাসনের দ্বিপক্ষীয় কাজের ফলাফল।

"আমরা প্রেসিডেন্ট বাইডেন ও আরো অনেক বিশিষ্ট নেতৃবৃন্দকে আজকে সেন্ট্রাল নিউ ইয়র্কে আমন্ত্রণ জানাতে পেরে সম্মানিত বোধ করছি, এটি মাইক্রনের নতুন অত্যাধুনিক মেগাফ্যাবের ভবিষ্যৎ সাইট যা মার্কিন উদ্ভাবনকে আগামী অনেক বছরের জন্য ইন্ধন প্রদান করবে," বলেন, **মাইক্রনের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা সঞ্জয় মেহরোত্রা।** "সেমিকন্ডাক্টর উৎপাদনের কেটে মার্কিন নেতৃত্ব নিশ্চিত করার জন্য, আমেরিকান উদ্ভাবনের আবাদ করার জন্য এবং অর্থনৈতিক ও জাতীয় নিরাপত্তা নিশ্চিত করার জন্য, আমাদেরকে একত্রে এসে ভবিষ্যতের কর্মীবাহিনী গঠন করা আবশ্যক। সম্প্রদায়ে বিনিয়োগ ফ্রেমওয়ার্কের মাধ্যমে আমাদের প্রতিশ্রুতিসমূহ সেন্ট্রাল নিউ ইয়র্কের রূপান্তরের প্রতি প্রথম মৌলিক ধাপের প্রতিনিধিত্ব করবে।"

"মাইক্রনের ঐতিহাসিক 100 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগটি ওনন্ডাগা কাউন্টির এবং পুরো স্টেটের নিউ ইয়র্ক বাসীদের ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি উজ্জ্বল অর্থনৈতিক ভবিষ্যৎ নিশ্চিত করে, এবং এই রূপান্তরকারী প্রকল্পটি নিউ ইয়র্কের উৎপাদন নেতৃত্ব পাকাপোক্ত করে," **গভর্নর হোকল বলেন।** "প্রায় 50,000 চাকরির পাশাপাশি, টেকসই হওয়ার প্রতি গভীর অঙ্গীকার এবং সংখ্যালঘু ও নারী মালিকানাধীন ব্যবসা সমূহ ও সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহের জন্য সুযোগ দ্বারা,এই প্রকল্পের 500 মিলিয়ন মার্কিন ডলারের সম্প্রদায় তহবিল অঞ্চলটিকে দীর্ঘমেয়াদে টেকসই করে রাখবে কর্মীবাহিনী, আবাসন ও অবকাঠামোতে বিনিয়োগের মাধ্যমে। আমি অত্যন্ত আনন্দিত যে রাষ্ট্রপতি বাইডেন আমাদের সাথে এই প্রজন্মে একবার হয় এমন ঘোষণার জন্য যোগ দিতে পারবেন এবং আমি আমাদের স্থানীয়, স্টেট এবং ফেডারেল অংশীদারদের সাথে, এবং একইসাথে ব্যবসা ও শ্রমিক সম্প্রদায়ের সাথে একত্রে ঘনিষ্ঠভাবে কাজ করে মার্কিন ইতিহাসের সর্ববৃহৎ অর্থনৈতিক বিকাশ প্রকল্পসমূহের একটিকে বাস্তব করার জন্য উন্মুখ হয়ে আছি। "

ভবিষ্যতের কর্মীবাহিনী গঠন করা

গতানুগতিক এবং তার বাইরের কর্মীবাহিনী বিকাশের উপায় উভয়ই মার্কিন সেমিকন্ডাক্টর শিল্পখাতের প্রয়োজনীয় মাত্রায় কর্মীবাহিনীকে প্রশিক্ষিত করার জন্য অতি গুরুত্বপূর্ণ। ভবিষ্যতের কর্মীবাহিনীতে প্রয়োজন হবে প্রতিভাবান প্রকৌশলী এবং টেকনিশিয়ান যাদের অত্যাধুনিক ক্লিনরুম ফ্যাসিলিটি ব্যবস্থাপনা করার জন্য এবং আধুনিক প্রকৌশল

সমাধান বিকাশের জন্য বিবিধ প্রকার দক্ষতা থাকবে। মাইক্রন কার্যকর ও সৃজনশীল সমাধানের প্রতি প্রতিশ্রুতিবদ্ধ যা কর্মীবাহিনীকে বিস্তৃত করবে এবং এইসব ক্যারিয়ারকে সকলের জন্য সম্ভব করবে, বিশেষ করে অপ্রতুল প্রতিনিধিত্ব থাকা এবং গ্রামীণ সম্প্রদায়গুলির জন্য।

অঞ্চলের শীর্ষ উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের সাথে অংশীদারিত্ব করার মাইক্রনের কৌশলের সাথে সামঞ্জস্য রেখে, মাইক্রন এবং ওনন্ডাগা কাউন্টি একত্রে 10 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে, যেখানে মাইক্রন 10 বছরে 5 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে, ওনন্ডাগা কমিউনিটি কলেজে (Onondaga Community College) একটি ক্লিনরুম গঠন ও সজ্জিত করার জন্য এবং স্কুলটির কারিগরি পাঠ্যসূচি বিকাশ করার জন্য। এই বিনিয়োগটি শিক্ষার্থীদেরকে অগ্রসর উৎপাদন পদ্ধতি এবং সরঞ্জাম ব্যবহারের সুযোগ প্রদান করবে যাতে তাদেরকে মাইক্রনের উৎপাদন ফ্যাসিলিটির ভেতরে টেকনিশিয়ান ও প্রকৌশলী ভূমিকার জন্য প্রস্তুত করা যায়।

এছাড়াও মাইক্রন চায় সেন্ট্রাল নিউ ইয়র্কের উল্লেখযোগ্য সেনা জনগোষ্ঠীকে ব্যবহার করতে, এরা একটি উচ্চ দক্ষতার প্রতিভাবান শ্রমিকগোষ্ঠী যারা মার্কিন যুক্তরাষ্ট্রের হাইটেক উৎপাদন স্কেল করার জন্য অতি গুরুত্বপূর্ণ। মাইক্রনের সাথে সমন্বয় ও অংশীদারিত্বে, সিরাকিউজ ইউনিভার্সিটির (Syracuse University) ডি'অ্যানিয়েলো ভেটেরান ও সেনা পরিবার ইনস্টিটিউট (D'Aniello Institute of Veteran and Military Families, IVMF) আধুনিক উৎপাদন চাকরির জন্য এবং মাইক্রন ও অন্যান্য শিল্প ভূমিকায় রূপান্তরের জন্য ভেটেরান দক্ষতা বিকাশকে সমর্থন করবে। এছাড়া মাইক্রন একটি ইন্টার্নশিপ কর্মসূচি স্থাপন করবে যা নকশা করা হবে শিক্ষার্থীদের সেমিকন্ডাক্টর শিল্পখাতে প্রকৌশলী, বিজ্ঞানী এবং অন্যান্য গুরুত্বপূর্ণ ভূমিকায় পূর্ণকালীন পদ পাওয়ার জন্য প্রস্তুত করার জন্য, যেখানে নিয়োগের ক্ষেত্রে অনেক বেশি মনোযোগ প্রদান করা হবে ভেটেরান এবং গতানুগতিকভাবে অপ্রতুল প্রতিনিধিত্ব রয়েছে এমন সম্প্রদায়সমূহের শিক্ষার্থীদের প্রতি। মাইক্রন সেন্ট্রাল নিউ ইয়র্ক অঞ্চলে দুই দশকের বেশি সময় ধরে 1,500-র বেশি ভেটেরানকে নিয়োগ দিতে চায়, যা ভেটেরান নিয়োগের ক্ষেত্রে মাইক্রনের লক্ষ্যের সাথে মানানসই।

পাশাপাশি, মাইক্রন স্থানীয় ট্রেড ইউনিয়নগুলির সাথে একটি প্রকল্প শ্রমিক চুক্তিতে (Project Labor Agreement) প্রবেশ করেছে, যা নতুন মেগাফ্যাব নির্মাণের পুরো সময়জুড়ে শ্রমিক ব্যবস্থাপনা সমন্বয় এবং স্থিতিশীলতার জন্য একটি ফ্রেমওয়ার্ক স্থাপন করে। এই চুক্তিটি সেনা নিয়োগ, মূল্যায়ন এবং ভেটেরান চাকরিকেন্দ্র (Center for Military Recruitment, Assessment and Veterans Employment) এবং এর "হেলমেটস টু হার্ডহ্যাটস (Helmets to Hardhats)" কর্মসূচি ব্যবহারের ক্ষেত্রে একটি রূপরেখা প্রদান করে। এছাড়া এটি ঠিকাদারদের জন্য প্রকল্পে হওয়া প্রতি ক্র্যাফ্ট ঘণ্টার জন্য এক সেন্ট করে শিক্ষানবিশদের পথ কর্মসূচিতে (Pathways for Apprenticeship) দান করা আবশ্যক করে, কর্মসূচিটি সিরাকিউজ বিল্ডের (Syracuse Build) একটি অংশ, যা প্রকল্পের কর্মীবাহিনীতে সংখ্যালঘু ও নারীদের প্রতিনিধিত্বের প্রসার করে।

সরবরাহকারী মধ্যে বৈচিত্র্য বৃদ্ধি করার জন্য মাইক্রনের প্রতিশ্রুতির অংশ হিসেবে,মাইক্রন এটি নিশ্চিত করতে কাজ করবে যাতে প্রকল্পের যোগ্য নির্মাণ ব্যয়ের 30 শতাংশ, এবং এর চলমান বার্ষিক যোগ্য পরিচালনা ব্যয়ের 20 শতাংশ, গতানুগতিকভাবে অপ্রতুল প্রতিনিধিত্বের

সম্প্রদায়সমূহের ব্যক্তিদের মালিকানাধীন কোম্পানিসমূহের কাছে যায়, যার মধ্যে অগ্রাধিকার প্রদান করা হবে নিউ ইয়র্ক স্টেটের প্রত্যয়িত সংখ্যালঘু/নারী মালিকানাধীন এন্টারপ্রাইজসমূহকে (New York State Certified Minority/Women Owned Business Enterprises, MWBE) এবং দায়িত্বরত অবস্থায় প্রতিবন্ধী হওয়া ভেটেরান মালিকানাধীন ব্যবসাসমূহকে (Service-Disabled Veteran Owned Businesses)। মাইক্রন নির্মাণ ঠিকাদার এবং উপঠিকাদারদেরকে উৎসাহিত করবে সুবিধাবঞ্চিত জনগোষ্ঠী থেকে নিয়োগদানের ক্ষেত্রে প্রার্থী সনাক্ত করার জন্য সিরাকিউজ বিল্ডকে একটি প্রথম উৎসের মডেল হিসেবে ব্যবহার করার করার জন্য।

সকলের জন্য STEM শিক্ষায় বিনিয়োগ

পোস্ট-সেকেন্ডারি স্কুল এবং প্রশিক্ষণ কর্মসূচিসমূহের মাধ্যমে K-12 তে বিজ্ঞান, প্রযুক্তি, প্রকৌশল ও গণিত (Science, technology, engineering, and mathematics, STEM) শিক্ষা একটি দক্ষ প্রতিভার পাইপলাইন তৈরির জন্য অত্যাবশ্যকীয়। মাইক্রন স্থানীয় শিক্ষা কর্মসূচিসমূহে বিনিয়োগ করবে এবং কম সংস্থান পাওয়া কমবয়সীদেরকে STEM ক্যারিয়ার পাওয়ার জন্য ক্ষমতায়িত করবে যাতে সার্বিকভাবে আরো বৈচিত্র্যময় ও অন্তর্ভুক্তিকর প্রযুক্তি শিল্প গঠনকে সমর্থন করা যায়।

মাইক্রনের প্রতিশ্রুতির অংশ হিসেবে, কোম্পানি 10 বছর ধরে সিরাকিউজ বিজ্ঞান, প্রযুক্তি, প্রকৌশল, শিল্প এবং গণিতকে (Science, Technology, Engineering, Art and Math, STEAM) স্কুলে, এটি এলাকার প্রথম সহযোগিতামূলক স্কুল যা বিজ্ঞান, প্রযুক্তি, প্রকৌশল, শিল্প এবং গণিতকে সমন্বিত করার জন্য নকশা করা হয়েছে, এবং একইসাথে অঞ্চলের অন্যান্য K-12 কর্মসূচিতে 10 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে যাতে ঐতিহাসিকভাবে প্রান্তিক শিক্ষার্থীদের কাছে পৌঁছানো যায় এবং ভবিষ্যৎ STEM ক্যারিয়ার পাওয়ার প্রতিবন্ধকতা অপসারণ করা যায়। আঞ্চলিক ফ্যাসিলিটিটি আর্থ-সামাজিকভাবে, বর্ণগতভাবে, এবং ভৌগলিকভাবে বৈচিত্র্যময় শিক্ষার্থীদেরকে উদীয়মান প্রযুক্তি ও শিল্পের ক্ষেত্রে নজিরবিহীন সুযোগ প্রদান করবে। এই বিনিয়োগটি অঞ্চলে ভবিষ্যতের বেসরকারি বিকাশ ও সহযোগিতার ক্ষেত্রে একটি অনুঘটক হিসেবে কাজ করবে।

অতিরিক্ত মাইক্রন সম্প্রদায় অঙ্গীকারের মধ্যে রয়েছে নতুন, বৈচিত্র্যময় ফ্যাকাল্টিকে সমর্থন করার জন্য সিরাকিউজ ইউনিভার্সিটির সাথে একটি অংশীদারিত্ব যার গবেষণা ও শিক্ষা ইউনিভার্সিটির ভবিষ্যৎ অধ্যাপকদের ফেলোশিপ কর্মসূচির (Future Professors Fellowship Program) মাধ্যমে ভবিষ্যতের কর্মীবাহিনীকে প্রশিক্ষিত করবে। এছাড়া মাইক্রন আঞ্চলিক ইউনিভার্সিটিগুলির প্রকৌশল শিক্ষাকে সমর্থন করে যাবে যার মধ্যে রয়েছে ক্লার্কসন (Clarkson), রেনসেলার পলিটেকনিক ইনস্টিটিউট (Rensselaer Polytechnic Institute), কর্নেল (Cornell) এবং অন্যান্য। উত্তরপূর্বের ইউনিভার্সিটিগুলির দৃঢ় নেটওয়ার্ক কোম্পানিটির রচেস্টার টেকনোলজি ইনস্টিটিউটের (Rochester Institute of Technology) সাথে বিদ্যমান অংশীদারিত্বকে অগ্রসর করবে এবং প্রকৌশল ও বিজ্ঞান পাইপলাইনজুড়ে শিক্ষার্থীগোষ্ঠীর প্রতিনিধিত্ব আরো বৃদ্ধি করবে।

স্থানীয় সম্প্রদায়সমূহের সাথে জড়িত হওয়া

মাইক্রন এমন সম্প্রদায়ে বিনিয়োগ ও সমৃদ্ধিকে অগ্রাধিকার দিবে যেখানে এর দলের সদস্যরা বাস করবে ও কাজ করবে। চাইল্ড কেয়ার এবং প্রারম্ভিক শৈশবের প্রস্তুতি কর্মসূচিগুলির সমর্থনে, মাইক্রন প্রাথমিকভাবে সেন্ট্রাল নিউ ইয়র্কের ইয়ং মেন্স ক্রিস্টিয়ান অ্যাসোসিয়েশনে (Young Men's Christian Association, YMCA) 500,000 মার্কিন ডলার বিনিয়োগ করবে। এই বিনিয়োগটির উদ্দেশ্য উচ্চমানের চাইল্ড কেয়ার পাওয়ার সুযোগ এবং অঞ্চলটির সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহে প্রাথমিক শিক্ষার সুযোগ সম্প্রসারিত করা। মাইক্রন YMCA এবং অন্যান্য সংগঠনের সাথে অংশীদারিত্ব করে যাবে শিশু ও পরিবারের ক্ষমতায়নে এবং সকলের জন্য একটি ন্যায্য ও অন্তর্ভুক্তিকর সম্প্রদায় গঠনে ভবিষ্যৎ বিনিয়োগসমূহ সনাক্ত করার জন্য।

মাইক্রন একটি 500,000 মার্কিন ডলারের বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর (Museum of Science & Technology, MOST) স্পন্সরশিপ শুরু করবে। মাইক্রন একটি দীর্ঘমেয়াদি MOST প্রদর্শনীকে সমর্থন করবে যা শিক্ষার্থী ও তাদের পরিবারকে সেমিকন্ডাক্টর ও তাদের সাধারণ ব্যবহার সম্পর্কে শেখানোর জন্য হাতে-কলমে অভিজ্ঞতা প্রদান করবে। পাশাপাশি, মাইক্রন শিক্ষার্থীদের জন্য বিনামূল্যে মধ্য-শীতকালীন এবং বসন্তের ছুটিতে MOST বিজ্ঞান ক্যাম্প উপলভ্য করবে এবং একটি STEM শিক্ষা সিরিজের আয়োজন করবে, এবং একইসাথে অব্যাহত শিক্ষার প্রচার করে এমন চ্যালেঞ্জসমূহ নকশা করবে।

মাইক্রনের মনোযোগ সম্প্রদায়ের অবকাঠামো ও সেবার ক্ষেত্রে অনেক গভীর, যার মধ্যে রয়েছে আঞ্চলিক টেক ইকোসিস্টেমের সাথে অংশীদারিত্বে সেন্ট্রাল নিউ ইয়র্কে নতুন ব্যবসা সমর্থন ও আকৃষ্ট করার জন্য ভেঞ্চার তহবিল হিসেবে 10 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করা।

সমাজ ও মাইক্রনের মতো উদ্ভাবনী কোম্পানি উভয়ের সাফল্যের জন্য সম্প্রদায়ের সাথে চলমান ও ফলপ্রসূভাবে জড়িত হওয়ার গুরুত্ব উপলব্ধি করে, কোম্পানিটি ক্লে, সিরাকিউজ, এবং ওনন্ডাগা কাউন্টির সম্প্রদায়ের সদস্যদেরকে মাইক্রন কীভাবে তাদের চাহিদাকে সমর্থন করতে পারে সে সম্পর্কে সরাসরি মতামত প্রদানের সুযোগ প্রদানের জন্য বছরে চারবার কমিউনিটি টাউন হল আয়োজন করার পরিকল্পনা করছে।

অতিরিক্ত মাইক্রন প্রতিশ্রুতি

সম্প্রদায়ে বিনিয়োগ ফ্রেমওয়ার্কের বাইরে, মাইক্রন আগামী প্রজন্মের প্রতিভা আবাদ করার জন্য, সুবিধাবঞ্চিত সম্প্রদায়ের জন্য অর্থনৈতিক সুযোগ ত্বরান্বিত করতে, অঞ্চলের অবকাঠামোকে সমর্থন করতে এবং একটি বৈচিত্র্যময় শ্রমিকগোষ্ঠী গঠন করতে সেন্ট্রাল নিউ ইয়র্ক অঞ্চলকে সমর্থন করার উপায়সমূহ যাচাই করতে থাকবে।

এই সম্প্রসারিত প্রতিশ্রুতির সাথে সামঞ্জস্য রেখে, মাইক্রন প্রফেশনাল স্টাডিজ কলেজে সিরাকিউজ ইউনিভার্সিটির ভবিষ্যতের জন্য প্রস্তুত কর্মীবাহিনী উদ্ভাবনী কনসোর্টিয়াম (Future-Ready Workforce Innovation Consortium) স্থাপন করবে। সেন্ট্রাল নিউ ইয়র্কের ব্যবসা সম্প্রদায়, ট্রেড ইউনিয়ন, কমিউনিটি কলেজ এবং নিউ ইয়র্ক স্টেট ও তার বাইরের অন্যান্য চার বছরের প্রতিষ্ঠানের সাথে অংশীদারিত্ব করে, মাইক্রন কর্মীবাহিনী বিকাশ, দক্ষতা বৃদ্ধি করা এবং পেশাদারিত্ব ধরে রাখার জন্য একটি বহুমাত্রিক ও অন্তর্ভুক্তিকর পন্থা বাস্তবায়ন করতে সিরাকিউজ ইউনিভার্সিটির সাথে সমন্বয় করবে।ভবিষ্যতের জন্য প্রস্তুত কর্মীবাহিনী উদ্ভাবনী

কনসোর্টিয়ামটি দক্ষতার প্রশিক্ষণ, মাইক্রনের কর্মীবাহিনী ও প্রতিভা বিকাশের কৌশলকে সমর্থন করবে এমন শিক্ষাগত ও অংশীদারিত্বের কর্মসূচির একটি ইকোসিস্টেমকে পালন করবে।

এই অঞ্চলে কোম্পানিটির বিকাশের সাথে সাথে মাইক্রন সম্প্রদায় ও সংখ্যালঘু আর্থিক প্রতিষ্ঠানগুলিকে ব্যবহারের সুযোগ মূল্যায়ন করতে থাকবে। এর মধ্যে রয়েছে সেন্ট্রাল নিউ ইয়র্কে সেবাদানকারী সংখ্যালঘু ডিপোজিটরি প্রতিষ্ঠানসমূহে (Minority Depository Institutions, MDIs) 10 মিলিয়ন মার্কিন ডলার ডিপোজিট করা।

সাশ্রয়ী আবাসন পাওয়ার সুযোগের সাথে সংশ্লিষ্ট সমস্যাগুলি উপলব্ধি ও সমাধান করার জন্য, গভর্নর হোকল ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট মাইক্রন ও স্থানীয় সরকারসমূহে রসাতে অংশীদারিত্বে একটি উদ্যোগের নেতৃত্ব দিবে যা আরো ভালো অবকাঠামো, আবাসন সুযোগ, সামাজিক ও আর্থিক অন্তর্ভুক্তি, এবং সিরাকিউজ অঞ্চল যেইসব বিশেষ ও অনন্য প্রতিবন্ধকতার সম্মুখীন হয় তা সমর্থনকারী পলিসি আরো ভালোভাবে সনাক্ত করতে পারবে। এই ফলাফলগুলি স্বল্পকালীন সুযোগ ও দীর্ঘমেয়াদি কৌশল উভয়ের জন্য একটি ভিত্তি প্রদান করবে যা সম্প্রদায়ের একজন প্রতিশ্রুতিবদ্ধ অংশীদার হিসেবে মাইক্রন ব্যবহার করবে।

এছাড়াও মাইক্রন সুবিধাবঞ্চিত শিক্ষার্থী এবং সেন্ট্রাল নিউ ইয়র্কের STEM ক্যারিয়ারসমূহের মধ্যে সেতুবন্ধনের উপর মনোযোগ দিবে মিডল ও হাই স্কুলের শিক্ষার্থীদের জন্য কোম্পানিটির প্রধান, বিনা মূল্যের STEM শিক্ষা কর্মসূচি, চিপ ক্যাম্পের মাধ্যমে। কর্মসূচিটি প্রতি সপ্তাহে আনুমানিক 70 থেকে 100 জন শিক্ষার্থীর কাছে পৌঁছে যাবে, তাদেরকে কীভাবে সেমিকন্ডাক্টর বানানো হয় এবং কীভাবে STEM দক্ষতা মাইক্রন ক্যারিয়ারে পরিণত হতে পারে তা শেখার সুযোগ প্রদান করবে।

ফেডারেল, স্টেট ও স্থানীয় নেতৃবৃন্দের বিবৃতিসমূহ
মাইক্রনের ঐতিহাসিক বিনিয়োগ এবং কোম্পানির সম্প্রদায়ের প্রতি প্রয়াস নিয়ে বিভিন্ন নেতৃবৃন্দের মন্তব্য নিচে দেওয়া হলো:

সিনেটর চার্লস শুমার বলেন, "আমরা রাষ্ট্রপতি বাইডেনকে সিরাকিউজে বাড়িতে স্বাগত জানাতে পেরে অত্যন্ত আনন্দিত। মাইক্রনের নজিরবিহীন 100 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগটি সেন্ট্রাল নিউ ইয়র্কের জন্য প্রজন্মে একবার আসে এমন সুযোগ যা অঞ্চলটিকে মৌলিকভাবে রূপান্তর করে দিবে, হাজার হাজার ভালো বেতনের উৎপাদন ও ইউনিয়ন নির্মাণ চাকরি তৈরি করবে, আমাদের জাতীয় নিরাপত্তাকে জোরদার করবে, এবং উদ্ভাবনের নেতা হিসেবে আমেরিকার লিগেসিতে নতুন জীবনদান করবে। আমাদের CHIPS ও বিজ্ঞান বিলের কল্যাণে, মাইক্রনের মতো ভিশনারি প্রকল্পসমূহ এবং উৎপাদন আমেরিকা ও আপস্টেট নিউ ইয়র্কের মতো স্থানসমূহে ফেরত আসছে। এটি আমাদের ইরি ক্যানাল মুহূর্ত এবং এটি আপস্টেট নিউ ইয়র্কের হাডসন ভ্যালি ও ক্যাপিটাল রিজিয়ন থেকে মোহক ভ্যালি ও রচেস্টার পর্যন্ত সেমিকন্ডাক্টর করিডোরে সংযোজন করবে এবং নিশ্চিত করবে যাতে ভবিষ্যৎ গঠিত হয় আপস্টেট নিউ ইয়র্কে। এই প্রকল্পটি জাতীয় নীলনকশা হিসেবে কাজ করবে যে কীভাবে কর্মী, সম্প্রদায় এবং পরিবেশগতভাবে টেকসই হওয়ার জন্য বিনিয়োগ করতে হয়, এবং রাষ্ট্রপতি

বাইডেনের নেতৃত্বের কারণেই এটি সম্ভব হচ্ছে যে আমরা আপস্টেট নিউ ইয়র্কেই এখন আমেরিকার ভবিষ্যৎ গঠন করতে পারছি।"

সিনেটর কির্স্টেন জিলিব্র্যান্ড বলেন, "গত কিছু বছর ধরে, মার্কিন ভোক্তা ও কোম্পানিগুলি সেমিকন্ডাক্টরের জন্য বিদেশি কোম্পানিগুলির উপর অতিরিক্ত নির্ভরশীলতা এবং আমেরিকান সরবরাহ চেইনের ব্যাঘাত দ্বারা মারাত্মক অর্থনৈতিক প্রভাবের সম্মুখীন হয়েছে। সেজন্য আমি CHIPS ও বিজ্ঞান অ্যাক্ট 2022 পাশ করাতে জোর লড়াই করেছি, যা দেশজুড়ে আমাদের অভ্যন্তরীণ চিপ শিল্প গঠনে বিলিয়ন বিলিয়ন মার্কিন ডলার সংস্থান প্রদান করছে এবং আপস্টেট নিউ ইয়র্কে মাইক্রনের ক্যাম্পাস নিয়ে আসতে তাদের সিদ্ধান্তকে পাকাপোক্ত করতে সাহায্য করেছে, এই দুর্দান্ত বিনিয়োগটি পুরো সেন্ট্রাল নিউ ইয়র্কে একটি ঢেউয়ের মতো প্রভাব ফেলবে, আমাদের স্টেটে 50,000 পর্যন্ত ভালো বেতনের চাকরি তৈরি করবে। এইসব বিনিয়োগ উদযাপন করতে সিরাকিউজে আসার জন্য এবং জাতীয় নিরাপত্তা জোরদার করতে, ভালো বেতনের চাকরি তৈরি করতে, এবং সেমিকন্ডাক্টর শিল্পখাতে মার্কিন নেতৃত্বের পথ তৈরি করে দিতে আমাদের প্রচেষ্টার অংশীদার হওয়ার জন্য আপনাকে ধন্যবাদ, রাষ্ট্রপতি বাইডেন। আমি মাইক্রন এবং সেন্ট্রাল নিউ ইয়র্কের সাথে কাজ করে এই গুরুত্বপূর্ণ কাজ করার জন্য আমাদের সম্প্রদায়ের কাছে যাতে হাতিয়ার ও প্রশিক্ষণ থাকে তা নিশ্চিত করতে উন্মুখ হয়ে আছি।"

প্রতিনিধি জন কাটকো বলেন, "আমি মাইক্রন টেকনোলজিকে সেন্ট্রাল নিউ ইয়র্কে স্বাগত জানাতে পেরে সম্মানিত বোধ করছি। মাইক্রনের 100 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ ভালো বেতনের চাকরি তৈরি করবে, আমাদের অঞ্চলের অর্থনীতির দ্রুত অগ্রসর হওয়ার সূচনা করবে এবং সেন্ট্রাল নিউ ইয়র্ককে সেমিকন্ডাক্টর উৎপাদনের একটি কেন্দ্রে পরিণত করবে। এটি আমাদের অঞ্চলকে আমূলে বদলে দিবে এবং আমি এই বিনিয়োগের স্বপ্নকে বাটবে পরিণত করার জন্য একটি দ্বিপক্ষীয় উপায়ে কাজ করতে পেরে গর্বিত।"

সেন্টারস্টেটের CEO (CenterState CEO) প্রেসিডেন্ট রবার্ট এম. সিম্পসন বলেন, "সেন্ট্রাল নিউ ইয়র্ক সম্প্রদায় মাইক্রনের এই ঘোষণাকে উদযাপন করে যাচ্ছে যে তারা আগামী দুই দশকে 100 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে এবং 9,000 সরাসরি কর্মসংস্থান সৃষ্টি করবে। তবে,মাইক্রন সম্প্রদায়ে বিনিয়োগের ফ্রেমওয়ার্কের মাধ্যমে যেই প্রতিশ্রুতিসমূহ করছে সেটিই এই ঐতিহাসিক চুক্তিকে সেন্ট্রাল নিউ ইয়র্কে সকলের জন্য রূপান্তরকারী এবং একইসাথে দেশব্যাপী অর্থনৈতিক বিকাশের নতুন মানদণ্ড সৃষ্টিকারী হিসেবে স্থাপন করবে। মাইক্রনের বিনিয়োগ নিশ্চিত করবে যে এই সম্পূর্ণ সম্প্রদায়টির কাছে এখন এবং আগামী দশকগুলিতে লাভবান হওয়ার সুযোগ থাকবে। স্থানীয় অংশীদারদের সাথে কাজ করার মাইক্রনের প্রতিশ্রুতি নজিরবিহীন এবং একটি চাকরির জন্য প্রস্তুতির কর্মসূচিগুলিকে নতুন মাত্রাদান করবে, আমাদের কনিষ্ঠতম সম্প্রদায়ের সদস্যদের ভবিষ্যতের ক্যারিয়ারের জন্য প্রস্তুত করবে, উদ্যোগ ও উদ্ভাবনী কর্মসূচিসমূহ সম্প্রসারিত করবে এবং MWBE সরবরাহকারী প্রকল্পটির সাথে যুক্ত করবে। যখন আমরা আমাদের সংগঠনের সেই মিশন অর্জনে কাজ করছি যেখানে ব্যবসাসমূহ সমৃদ্ধি করবে এবং সকল মানুষ উন্নতি করবে, তখন আমরা যাদের ভিশনে মাইক্রনকে একজন অংশীদার হিসেবে পেয়ে অত্যধিক কৃতজ্ঞ।"

ওনন্ডাগা কমিউনিটি কলেজের প্রেসিডেন্ট ডাঃ ওয়ারেন হিল্টন বলেন, "আমরা রাষ্ট্রপতি বাইডেন, মাইক্রনের প্রধান নির্বাহী কর্মকর্তা সঞ্জয় মেহরোত্রা এবং তার দলকে, এবং আমাদের পুরো অঞ্চল, নিউ ইয়র্ক স্টেট এবং দেশের নির্বাচিত নেতৃবৃন্দকে আজকের ঐতিহাসিক ইভেন্টের জন্য ওনন্ডাগা কমিউনিটি কলেজের ক্যাম্পাসে স্বাগত জানাতে পেরে সম্মানিত হয়েছি। আমরা মাইক্রনের 100 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগে তাদের শিক্ষা অংশীদারদের একজন হতে পেরে গর্বিত এবং তাদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করে আমাদের সম্পূর্ণ অঞ্চলকে বদলে দেওয়ার জন্য উন্মুখ। শিক্ষা প্রক্রিয়ার জন্য প্রস্তুতির মধ্যে থাকবে আমাদের ক্যাম্পাসে একটি হাইটেক "ক্লিনরুম" নির্মাণ যেখানে শিক্ষার্থীরা সেমিকন্ডাক্টর শিল্পখাতে ফলপ্রসূ ক্যারিয়ারের জন্য শিখতে ও প্রস্তুতি গ্রহণ করতে পারবে। আমরা গভর্নর ক্যাথি হোকল, নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি (State University of New York, SUNY) চ্যান্সেলর ডেবোরাহ স্ট্যানলি, ওনন্ডাগা কাউন্টি নির্বাহী রায়ান ম্যাকম্যাহনকে ধন্যবাদ জানাচ্ছি আমাদের কর্মীবাহিনী অংশীদারদের চাহিদা পূরণ করার জন্য আমাদের ক্যাম্পাসের অব্যাহত রূপান্তরকে সমর্থন করার জন্য। ওনন্ডাগা কমিউনিটি কলেজ 60 বছর পূর্বে শিক্ষার্থীদের জন্য ডাউনটাউন সিরাকিউজের একটি পরিত্যক্ত টাইপরাইটার ফ্যাক্টরিতে দুয়ার খুলে দেওয়ার পর থেকে অনেকটা পথ পারি দিয়েছে। আমরা এই প্রকল্পের একটি অংশ হতে পেরে আনন্দিত, যা আমাদের অঞ্চলকে আগামী 60 বছর এবং তার পরেও রূপান্তরিত করতে থাকবে।"

সিরাকিউজ ইউনিভার্সিটির চ্যান্সেলর কেন্ট স্যুভরাড বলেন, "মাইক্রনের সাথে অংশীদারিত্বে, আমাদের দল জোরেশোরে কাজ নামার জন্য প্রস্তুত হচ্ছে। ইতিমধ্যে, আমাদের অনেক উদ্যোগ শুরু হয়েছে গেছে। যার মধ্যে রয়েছে সিরাকিউজ ইউনিভার্সিটি ভবিষ্যতের জন্য তৈরি কর্মীবাহিনী উদ্ভাবন কনসোর্টিয়াম, মাইক্রনের ভেটেরান নিয়োগ বৃদ্ধি করার প্রচেষ্টা এবং ভবিষ্যতের অধ্যাপকদের ফেলোশিপ কর্মসূচিতে আরো বিনিয়োগ। স্বতন্ত্রভাবে, এগুলি আমাদের ইউনিভার্সিটি ও সম্প্রদায়ের জন্য দারুণ সব সুযোগ। সম্মিলিতভাবে, তারা আমরা কীভাবে ভবিষ্যৎ প্রজন্মের নেতৃবৃন্দ, উদ্ভাবক এবং ব্যাঘাতকারীদের প্রস্তুত করবো তা পুনঃকল্পনা ও নতুন আকৃতিদানের রূপান্তরকারী ও উদ্ভাবনী পন্থার প্রতিনিধিত্ব করে।"

লিভারপুল সেন্ট্রাল স্কুল জেলার (Liverpool Central School District) সুপারিন্টেন্ডেন্ট ড্যানিয়েল জি. হেনার বলেন, "সেন্ট্রাল নিউ ইয়র্ক সম্প্রদায়ে মাইক্রনের সংযোজন লিভারপুল সেন্ট্রাল স্কুল জেলাকে, এবং একইসাথে অঞ্চলজুড়ে অন্যান্য জেলাগুলিকে, K-12 গ্রেডের শিক্ষার্থীদের জন্য অসংখ্য শিক্ষাগত সুযোগ প্রদান করবে। চিপ ক্যাম্প (Chip Camp), গার্লস গোয়িং টেক (Girls Going Tech) এবং ক্যারিয়ার্স ইন হাইটেক ওয়ার্ল্ডের (Careers in a High-Tech World) মতো কর্মসূচিসমূহ লিভারপুলের নতুনভাবে সূচিত ক্যারিয়ার পথগুলিকে উন্নত করবে যা আমাদের শিক্ষার্থীদেরকে ভবিষ্যতের ক্যারিয়ারের জন্য প্রস্তুত করবে। আমরা আগামী অনেক বছর ধরে মাইক্রনের সাথে কাজ করতে উন্মুখ।"

নিউ ইয়র্ক স্টেটের পাইপ ট্রেডস অ্যাসোসিয়েশনের (New York State Pipe Trades Association) প্রেসিডেন্ট গ্রেগ ল্যান্সেট বলেন, "সেন্ট্রাল-নর্দার্ন নিউ ইয়র্ক বিল্ডিং ও কনস্ট্রাকশন ট্রেডস কাউন্সিলের (Central-Northern New York Building & Construction Trades Council) পক্ষে, আমি মাইক্রনকে নিউ ইয়র্কে স্বাগত জানাতে পেরে খুশি। মাইক্রনের কর্মীবাহিনী বিকাশ কর্মসূচিগুলি নিউ ইয়র্কবাসীদের দক্ষতা ও পরিশ্রমী প্রকৃতিকে ব্যবহার

করবে, বিশেষ করে সুবিধাবঞ্চিত সম্প্রদায়ের ব্যক্তিদের যাদের হয়তো ভবিষ্যতে গতানুগতিক ক্যারিয়ার পথের সুযোগ নেই। মাইক্রন ও আমাদের স্থানীয় ট্রেড ইউনিয়নগুলির মধ্যকার প্রকল্প শ্রমিক চুক্তিটি প্রকল্পের কর্মীবাহিনীতে সংখ্যালঘু, ভেটেরান এবং মহিলাদের প্রতিনিধিত্বকে সমর্থন করবে এবং একই সাথে পুরো প্রকল্পে আমাদের অঞ্চলের প্রতিভাবান ইউনিয়ন শ্রমিকদের স্থিতিশীলতা ও সহযোগিতা নিশ্চিত করবে। শিক্ষানবিশ কর্মসূচি বিকাশ থেকে শুরু করে ইচ্ছাকৃতভাবে ঠিকাদার বাছাই করা পর্যন্ত, মাইক্রন আমাদের সম্প্রদায় এবং আমাদের কর্মীবাহিনীর দুর্দান্ত সম্ভাবনার প্রতি তাদের প্রতিশ্রুতি প্রদর্শন করছে।"

আরো তথ্যের জন্য, Micron.com/NY এ নিউ ইয়র্ক সম্প্রদায় ও কর্মীবাহিনী বিনিয়োগ (New York Community and Workforce Investment) ফ্যাক্ট শিট দেখুন।

মাইক্রন টেকনোলজি, ইনকর্পোরেশন সম্পর্কে

আমরা উদ্ভাবনী মেমোরি ও স্টোরেজ সমাধানের ক্ষেত্রে শিল্পখাতের একজন নেতা যারা কীভাবে বিশ্ব সকলের জন্য *জীবন সমৃদ্ধ* করতে তথ্য ব্যবহার করবে তা পাল্টে দিচ্ছে। আমাদের গ্রাহক, প্রযুক্তি, নেতৃত্ব এবং উৎপাদন ও কর্মকাণ্ডের শ্রেষ্ঠত্ব নিয়ে, মাইক্রন হাই-পারফর্ম্যান্স DRAM, NAND এবং NOR মেমোরি ও স্টোরেজ পণ্যের একটি সমৃদ্ধ পোর্টফোলিও প্রদান করছে আমাদের মাইক্রন® এবং ক্রুশ্যাল® (Crucial®) ব্র্যান্ডগুলির মাধ্যমে। প্রতিদিন, আমাদের লোকেরা যেই উদ্ভাবন করে তা ডেটা অর্থনীতিকে ইন্ধন প্রদান করে, কৃত্রিম বুদ্ধিমত্তা এবং 5G প্রয়োগে অগ্রগতি সম্ভব করে যা সুযোগের দুয়ার উন্মোচন করে, ডেটা সেন্টার থেকে বুদ্ধিমত্তার প্রান্ত এবং গ্রাহক ও মোবাইল ব্যবহারকারীদের অভিজ্ঞতাজুড়ে। মাইক্রন টেকনোলজি, ইনকর্পোরেশন সম্পর্কে আরো জানতে (Nasdaq: MU), ভিজিট করুন micron.com।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418